# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯১৬

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

### আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «من أحيى أَرْضًا مَيِّتَةً فَلَهُ فِيهَا أَجْرٌ وَمَا أَكَلَت الْعَافِيَةُ مِنْهُ فَهُوَ لَهُ صَدَقَةٌ» . رَوَاهُ النَّسَائِيُّ والدارمي

### বাংলা

১৯১৬-[২৯] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোন অনাবাদী জমি আবাদ করে (অর্থাৎ ফসল উৎপাদনের উপযোগী করে) তার এ কাজে তার জন্য সাওয়াব আছে। যদি এ জমি ক্ষুধার্ত কিছু খায় তাহলে এটাও তার জন্য সদাক্বাহ্ (সাদাকা)। (নাসায়ী, দারিমী)[1]

### ফুটনোট

[1] সহীহ : আহমাদ ১৫০৮১, শারহুস্ সুন্নাহ্ ১৬৫১, দারিমী ২৬০৭; সহীহ আল জামি‘ ৫৯৭৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: যে ব্যক্তি কোন মৃত (পতিত) বা শুষ্ক কিংবা এমন জমি যা থেকে কোন উপকার লাভ করা যায় না, তা সেচ, চাষাবাদ, কৃষি বা রোপনের মাধ্যমে উপকারী জমিতে রূপান্তরিত করে তাহলে তাতে তার জন্য (যে জমিকে কৃষি উপযোগী করল) সাওয়াব রয়েছে। এরপর যদি ঐ জমিতে উৎপন্ন শস্যাদি, ফল-মূল, খাদ্য, তরি-তরকারী ইত্যাদি থেকে কোন মানুষ, পশু কিংবা পাখি কিছু খায় এবং এ খাওয়ার কারণে কৃষক বা জমির মালিক যদি অসন্তুষ্ট না হয় তাহলে ঐসব প্রাণী যা খাবে তা তার জন্য সদাক্বাহ্ (সাদাকা) হিসেবে গণ্য হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56476

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন